

খড়গপুর কারখানাকে আন্তর্জাতিক হাব করবে টাটা হিতাচি

এই সময়: খড়গপুরে তাদের কারখানাটি আন্তর্জাতিক বাজারে ছোট ও মাঝারি মাপের এক্সক্যাভেটর সরবরাহের কেন্দ্র করে তুলতে চায় টাটা হিতাচি কনস্ট্রাকশন মেশিনারি। সংস্থাটি টাটা মোটরস এবং জাপানের হিতাচি কনস্ট্রাকশন মেশিনারির একটি যৌথ উদ্যোগ।

সংস্থার ম্যানেজিং ডিরেক্টর রণবীর সিনহা বলেছেন, 'খড়গপুরের কারখানাটিকে আমরা আন্তর্জাতিক উৎপাদন কেন্দ্র হিসাবে তুলে ধরতে চাই।'

সম্প্রতি খড়গপুরের কারখানায় ২০ টনের একটি নতুন হাইড্রলিক এক্সক্যাভেটর তৈরি করেছে টাটা হিতাচি। এই ধরনের এক্সক্যাভেটর আফ্রিকা, পশ্চিম এশিয়া এবং



কলকাতায় নতুন হাইড্রলিক এক্সক্যাভেটর উদ্বোধনে হিতাচির
গ্লোবাল সিইও সূজিনোতো।

—পিটিআই

দক্ষিণ-পূর্ব এশিয়ার বাজারে বিক্রি করতে তারা আগ্রহী বলেও সিনহা জানান। ছোট ও মাঝারি মাপের আর্থ মুভিং ইকুইপমেন্ট এবং নির্মাণ যন্ত্রাংশ তৈরি করার উদ্দেশ্যে ৫৫০ কোটি টাকা খরচ করে খড়গপুর কারখানাটির আধুনিকীকরণ করে টাটা হিতাচি। গত ডিসেম্বরেই কারখানাটি উদ্বোধন করা হয়। দেশের এক্সক্যাভেটর বাজারের ৩৮ শতাংশ টাটা হিতাচির দখলে বলেও দাবি করেন সিনহা।

তিনি বলেন, 'গত অর্থবর্ষে অর্থনৈতিক মন্দার কারণে মোট উৎপাদন ক্ষমতার মাত্র ৩৫ শতাংশ ব্যবহার করা হয়েছে, এ জন্যই বৃদ্ধির মুখ দেখেনি টাটা হিতাচি।' খড়গপুরে তাদের কারখানার পাশে ৯০ একর জমির উপর একটি ভেভর পার্কও তারা গড়ে তুলছে।

হিতাচি কনস্ট্রাকশন মেশিনারির প্রেসিডেন্ট ও সিইও সূজিনোতো মনে করেন, ভারত খুব শীঘ্রই জাপানি সংস্থা হিতাচির একটি প্রধান উৎপাদন কেন্দ্র হয়ে উঠবে। যৌথ উদ্যোগে হিতাচির ৬০ শতাংশ ও টাটাদের ৪০ শতাংশ অংশিদারী রয়েছে। ঝাড়খন্ডের জামশেদপুর ও কর্ণাটকের ধারওয়াদে সংস্থাটির আরও দু'টি কারখানা আছে।